

দৈনিক একক

৯৬

তারিখ 28 DEC 1993

৯

কলা ... ৭...

## গ্রন্থাগার আন্দোলন গড়ে তোলার ওপর গুরুত্বারোপ

প্রধানমন্ত্রী খালেদা জিয়া রবিবার ঢাকায় বলেন, শীঘ্রই জাতীয় গ্রন্থ নীতি ঘোষণা করা হবে।

বেগম জিয়া জনসাধারণের পড়ার অভ্যাস বাড়ানো এবং তাদের গ্রন্থাগার ব্যবহারে উৎসাহিত করার ব্যাপারে সহায়তা করার উদ্দেশ্যে দেশব্যাপী গ্রন্থাগার আন্দোলন গড়ে তোলার প্রয়োজনীয়তার ওপর জোর দেন। তিনি এই প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে সমাজের সচ্ছল অংশের প্রতি আহ্বান জানান।

প্রধানমন্ত্রী ঢাকায় ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স মিলনায়তনে আয়োজিত ২১ শতাব্দীর জন্য বাংলাদেশের গ্রন্থাগার ও গনগ্রন্থাগারিকদের প্রস্তুত করণ শীর্ষক তিন দিনব্যাপী জাতীয় সেমিনার উদ্বোধন করছিলেন।

তিনি বলেন, তাঁর সরকার চান যে, দারিদ্র্য মোচন গণসাক্ষরতার সম্প্রসারণ এবং জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের বর্তমান প্রয়াস গ্রন্থাগারের

সর্বোত্তম ব্যবহার করা হোক। গ্রামে ও মহল্লায় গ্রন্থাগার প্রতিষ্ঠা করা হোক। তাঁরা বই মেলা ও ডায়ামাগ বই প্রদর্শনীর আয়োজন করতে চান। খবর বাসসর।

বাংলাদেশ গ্রন্থাগার সমিতির (ল্যাব) উদ্যোগে আয়োজিত সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তৃতা করেন শিক্ষামন্ত্রী ছমিরুদ্দিন সরকার, শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ ইউনুস খান, সংস্কৃতি প্রতিমন্ত্রী অধ্যাপিকা জাহানারা বেগম, ল্যাব সভাপতি একেএম আব্দুর নূর, সাধারণ সম্পাদক শামসুল ইসলাম খান প্রমুখ।

প্রধানমন্ত্রী বেগম জিয়া বলেন, জাতীয় গ্রন্থাগার ও তথ্যনীতি প্রণয়ন এখন বিবেচনাধীন রয়েছে। দেশে গ্রন্থাগার উন্নয়নের জন্য স্বল্প ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। তিনি ২১ শতাব্দীর সুখী ও সমৃদ্ধিশালী বাংলাদেশ গড়ার স্বপ্ন বাস্তবায়নে এগিয়ে আসতে লাইব্রেরিয়ানদের প্রতি আহ্বান জানান।